



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি সমুদ্র পরিবহন অফিস  
সরকারি কার্য ভবন-১  
আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০

ফোন নং- ৮৮০-৩১-৭২৩৭৫৪  
ফ্যাক্স নং- ৮৮০-৩১-৭১০৯৮৪  
E-mail-gso@gso.gov.bd  
Website-www.gso.gov.bd

নং-৪০৫.০০৫.০১৭.০০.০০.২৯৪.২০১৬/ ৫২৪-৬০

তারিখ : ১২-০২-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ অন লাইনে সাইন-অন/অফ এবং ইমিগ্রেশন পত্র জারী প্রসংগে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সমুদ্র পরিবহন অধিদপ্তরের মৌখিক নির্দেশনা মোতাবেক সরকারি শিপিং অফিসের সিডিসি প্রাপ্ত নাবিক/জাহাজী অফিসারদের অন-লাইনে সাইন-অন/অফ/ইমিগ্রেশন পত্র জারী ইত্যাদি কার্যক্রম গত ১৫-০১-২০১৭ খ্রিঃ তারিখ হতে পরিষ্কারমূলক ভাবে শুরু হয়েছে। উক্ত সাইন-অন/অফ কার্যক্রমে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের জন্য স্থানীয় ম্যানিং এজেন্টদের প্রতি অনুরোধ করা হল।

- ১। অন লাইনে এবং চুক্তি পত্রে সাইন-অন/অফ কেবল সরকারি শিপিং অফিস, চট্টগ্রাম এর মাধ্যমে সম্পাদিত হবে;
- ২। নিজ নিজ পাসওয়ার্ড যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে;
- ৩। অন লাইনে সাইন-অনের ফরম পূরণের পর SIBL ব্যাংকের মাধ্যমে সরকারি ফিঃ জমা দিতে হবে;
- ৪। ফিঃ জমা হলে অন লাইনে paid অপশন আসবে, এরপর সরকারি শিপিং অফিস কর্তৃক যাচাই-বাছাই করে Approval দেওয়া হবে;
- ৫। সাইন-অন পত্র মোতাবেক রেজিস্টারে এন্ট্রি করতে হবে;
- ৬। সরকারি শিপিং অফিসের অনুমোদনের পূর্বে কোন ক্রমেই চুক্তিপত্রে সাইন-অন/অফ কার্যক্রমের লক্ষ্যে সংশ্লিষ্ট নাবিক/অফিসারের স্বাক্ষর চুক্তিপত্রে নেয়া যাবে না;
- ৭। চুক্তিপত্রে নাবিক কর্তৃক স্বাক্ষরের পর পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে চুক্তিপত্র সরকারি শিপিং অফিসে জমা দিয়ে সহকারি শিপিং মাস্টার এর স্বাক্ষর গ্রহণ করতে হবে;
- ৮। সংশ্লিষ্ট নাবিক/অফিসার/ক্যাডেট এর ভিসা এবং জাহাজে যোগদানের তারিখ নিশ্চিত হলেই কেবল অন লাইনে সাইন-অন করাতে হবে;
- ৯। অন লাইনে সাইন-অন কেবলমাত্র বিদেশী বন্দরে বিদেশী পতাকাবাহী জাহাজের ক্ষেত্রেই প্রযোজ্য হবে;
- ১০। জাহাজ থেকে অব্যাহতির ১ মাসের মধ্যে অন লাইনে সাইন-অফ শেষে সংশ্লিষ্ট নাবিক/অফিসার/ক্যাডেটকে শিপিং অফিসে এসে সিডিসিতে ভয়েজ এন্ডোর্সমেন্ট করাতে হবে। তবে সংশ্লিষ্ট জাহাজী কর্মকর্তার পদ- মাস্টার অথবা চীফ ইঞ্জিনিয়ার হলে সরকারি শিপিং অফিসে এসে তাঁর সিডিসিতে ভয়েজ এন্ডোর্সমেন্ট করাতে অনগ্রহ প্রকাশ করতে পারবেন, সেক্ষেত্রে লিখিতভাবে শিপিং মাস্টারকে জানাতে হবে;
- ১১। অন লাইনে একবার সাইন অনের পর, অন লাইনে সাইন-অফ ব্যতীত পুনরায় সাইন অনের সুযোগ নেই;
- ১২। অন লাইনে শিপিং মাস্টারের অনুমোদনের পর উক্ত সাইট থেকে স্বয়ংক্রিয় ভাবে ইমিগ্রেশন পত্র পাওয়া যাবে যা প্রিন্ট করে বিমানবন্দরের আনুষ্ঠানিকতা সম্পন্ন করা যাবে;
- ১৩। ইমিগ্রেশন পত্র সম্পর্কে ইমিগ্রেশন কর্তৃপক্ষের কোন সন্দেহের সৃষ্টি হলে তা [www.dos.gov.bd/noc](http://www.dos.gov.bd/noc) এই ওয়েব ঠিকানায় যাচাই করা যাবে;
- ১৪। নাবিক/অফিসার সাইন-অনের ১(এক) মাসের মধ্যে জাহাজে যোগদান এবং জাহাজ হতে অব্যাহতির ০১ মাসের মধ্যে চুক্তিপত্র থেকে সাইন-অফ বাধ্যতামূলক;
- ১৫। দু'টি কোম্পানির মাধ্যমে পরীক্ষামূলকভাবে চালু হওয়া অন লাইন সাইন-অন/অফ কার্যক্রম সফল হলে পরবর্তীতে অন্যান্য এজেন্টদেরকে একই পদ্ধতির আওতায় আনা হবে;

চলমান পৃষ্ঠা-১